গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-২ শাখা
www.fid.gov.bd

স্মারক নম্বর-৫৩.০০.০০০০.০০০.৩২২.১৩.০০০৩.২৬- ১৭৬

তারিখ ২৭ কার্তিক ১৪৩৩ / ১২ নভেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

কর্মসংস্থান ব্যাংক-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী এর বয়স ৫৯ বছর পূর্তিতে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৩ ধারা মোতাবেক তাকে ১১.১১.২০২৬ তারিখে থেকে অবসর এবং উক্ত আইনের ৪৭ ধারা মোতাবেক তার অনুকূলে ১২.১১.২০২৬ থেকে ১১.১১.২০২৭ তারিখ পর্যন্ত ১ বৎসরের অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০২. সরকারি চাকরি আইন, ২০১৮ এবং রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ, পদোন্নতি ও পদায়ন নীতিমালা-২০২৬ (১৯ অক্টোবর ২০২৬ খ্রি. পর্যন্ত সংশোধিত) এর বিধান অনুযায়ী তিনি অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন। জনাব অরুন কুমার চৌধুরী এর আবেদনের পরিপ্রেক্ষিতে তার অবসর সংক্রান্ত যাবতীয় সুবিধাদি বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন হতে প্রদেয় হবে।

০৩. তবে শর্ত থাকে যে, জনাব অরুন কুমার চৌধুরী এর অনুকূলে লাঞ্চ সাবসিডি ভাতাবাবদ মোট ৮,০০০ (আট হাজার) টাকার অডিট আপত্তি, ব্যক্তিগত (পার্সোনাল ঋণ) অগ্রিমের স্থিতি ২,৪৩,৫৭৭ টাকা (দুই লক্ষ তেতাল্লিশ হাজার পাঁচশত সাতাত্তর), কম্পিউটার ঋণের স্থিতি ৭৮,৪৮৬ টাকা (আটাত্তর হাজার চারশত ছিয়াশি), মোটরসাইকেল অগ্রিমের স্থিতি ৮০,০৩৮.৬৯ টাকা (আশি হাজার আটত্রিশ টাকা উনসত্তর পয়শা) ও গৃহ নির্মাণ অগ্রিমের স্থিতি ১,২৩,৯১,০২৬.২৪ (এক কোটি তেইশ লক্ষ একানব্বই হাজার ছাব্বিশ টাকা চব্বিশ পয়শা) টাকাসহ তার কাছে প্রতিষ্ঠানসমূহের পাওনা সর্বমোট ১,২৮,০১,১২৭.৯৩ টাকা (এক কোটি আটাশ লক্ষ এক হাজার একশত সাতাশ টাকা তিরানব্বই পয়শা)। সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এর ৪.১০(খ) ধারা মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট পাওনা টাকা তার অবসরকালীন প্রাপ্য টাকা হতে সমন্বয় সাপেক্ষে তার পেনশন কেইস নিষ্পত্তি করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১২/১১/২০২৬
মোহাম্মদ মিজানুর রহমান
উপসচিব
ফোন: ৯৫৭৩৫৫২
e-mail: sb2fid@gmail.com

স্মারক নম্বর-৫৩.০০.০০০০.০০০.৩২২.১৩.০০০১.২৬ - ১৭৬

তারিখ: ১২.১১.২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, কর্মসংস্থান ব্যাংক, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (বিশেষায়িত ব্যাংক ও ক্ষুদ্রঋণ অনুবিভাগ), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৪. যুগ্মসচিব (বিশেষায়িত ব্যাংক অধিশাখা),আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৫. ব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. জনাব অরুন কুমার চৌধুরী , ব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে তার ২৫ (পঁচিশ) কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ)।
১১. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২/১১/২০২৬
মোহাম্মদ মিজানুর রহমান
উপসচিব

KSB Officer Pension Note